

SEMESTER- 4**SUBJECT: PHYSICAL EDUCATION****PAPER: DSC-1DT: HEALTH EDUCATION, PHYSICAL FITNESS AND WELLNESS****Unit-IV: Health and First Management****4.4- PHYSIOTHERAPY:** Basic concept, types & principles, management of sports injuries through the application of exercise and massage therapy.**DR. NASIM AHMED**

Assistant Professor & HOD

Department Of Physical Education

Raja Narendra Lal Khan Women's College (Autonomous)

Email: nasimvb@gmail.com**১) ভোত চিকিৎসা বা Physiotherapy বলতে কী বোঝ ?****What is physiotherapy ?**

ফিজিওথেরাপি শব্দটির বুৎপত্তিগত অর্থ হল-পঞ্চভৌতিক উপাদানের তিনটি প্রধান উপাদান যেমন জল, উত্তাপ ও বায়ুর সাহায্যে রোগীর চিকিৎসা পদ্ধতি। প্রাকৃতিক ভোত মাধ্যমকে কেন্দ্র করে ব্যায়াম ও অঙ্গসংবন্ধের এর সাহায্যে এক আরামদায়ক চিকিৎসা পদ্ধতি হল ফিজিওথেরাপি। উল্লেখ এটি কোনো ওষুধ বা ইনজেকশন নির্ভর চিকিৎসা পদ্ধতি নয়। এটি মূলত: ভোত-জগৎ অধ্যুষিত চিকিৎসা পদ্ধতি তৎসহ শারীরিক ব্যায়াম।

ফিজিওথেরাপি চিকিৎসা পদ্ধতি কয় প্রকার

ফিজিওথেরাপির চিকিৎসা পদ্ধতিগুলি হল- ১) এক্সারসাইজ থেরাপি ২) ইলেক্ট্রোথেরাপি ৩) ট্রাকসন থেরাপি ৪) ওয়াক্স থেরাপি ৫) হাইড্রোথেরাপি ৬) যোগ থেরাপি

২) ব্যায়াম চিকিৎসার গুরুত্ব**Importance of Exercise Therapy**

ব্যায়াম হচ্ছে যে কোন ধরনের শারীরিক কলা কৌশল বা কার্য-কলাপ। এই কলা কৌশল শারীরিক সুস্থিতা ও সার্বিক স্বাস্থ্য এবং রোগমুক্ত অবস্থা বজায় রাখতে বা বৃদ্ধিতে বহুলাংশে ভূমিকা রাখে। ব্যায়ামের জন্য তেমন কোন ব্যসের সীমা নেই। প্রাপ্তবয়স থেকে শুরু করে বার্ধক্য পর্যন্ত প্রত্যেক ব্যক্তির কমপক্ষে সকাল-সন্ধিয় কমকরে একবার ব্যায়াম করা প্রয়োজন। এটি দেহ ও মনকে সতেজ ও বলবান রাখে এবং পাশাপাশি শারীরিক সুস্থিতায় অবদান রাখে।

শারীরিক ব্যায়ামের উপকারিতা

বিভিন্ন রোগ প্রতিরোধে ব্যায়ামের সুফল নিচে দেওয়া হল-

- * শারীরিক ব্যায়াম টাইপ ২ ডায়াবেটিসের ঝুঁকি কমায়।
- * মানবদেহে অক্সিজেনের সরবরাহ বাড়িয়ে দেয়।
- * রোগ-বালাই কমিয়ে আয়ুঘাল বাড়িয়ে দেয়। ১২৩৪পল।।।
- * নিয়মিত ব্যায়াম শরীরের চর্বির আধিক্য বা বাড়িতি চর্বি কমায়।
- * নিয়মিত ব্যায়াম তাদের রক্তচাপ নিয়ন্ত্রণে থাকে।
- * প্রাত্যহিক ব্যায়াম পেশিকে সবল করে।
- * যারা দীর্ঘসময় ধরে মাখপেশি ও সম্পর্ক বা হাড়ের ব্যথায় ভোগেন, ব্যায়াম দ্বারা সেই ব্যথা নিয়ন্ত্রণ করতে পারেন।
- * হৃদরোগ বা হৎপিণ্ড ও রক্তনালীর অন্যান্য রোগ প্রতিরোধে সাহায্য করে।
- * হৎপিণ্ডকে সবল রাখে।
- * ভাইরাসের আক্রমণ থেকে দেহকে সুরক্ষিত করে।
- * ধূমনীতে অবাঞ্ছিত কিছু থাকলে তার নিঃসরণ ঘটায়।
- * মানসিক অবস্থার উন্নতি করে।
- * মানসিক চাপ ও মন-মরা ভাব দূর করে।
- * স্মৃরণ শক্তির বৃদ্ধি ঘটায়।
- * নিয়মিত ব্যায়াম হাড়ের গর্থনকে শক্তিশালী গড়ে তোলে।
- * সমষ্টিত অবস্থার উন্নতি ঘটায়।
- * রোগ প্রতিরোধে ইমিউন সিসটেমের কার্যক্ষমতা বাড়ায়।

৩) ম্যাসাজের উপকারিতা**Importance of massage or massage Therapy**

ম্যাসাজ থেরাপির উপকারিতাগুলি নিম্নে দেওয়া হলো:

- * রক্ত সঞ্চালন বাড়ে

- * শরীরে চর্বি জমতে পারে না ম্যাসাজ করতে
- * মাথা ম্যাসাজে স্লায় ভালো থাকে
- * চুল পড়া কমে
- * কপালে ম্যাসাজ করলে শারীরিক বৃক্ষির পিটুইটারি গ্রহি সতেজ হয় ও মাথাব্যথা কমে
- * কানের সামনে-পেছনে ম্যাসাজ করুন পাকস্তলী ভালো থাকে
- * নাকের ডগায় ম্যাসাজ করলে কিডনি সবল রাখতে কাজে দেয়
- * মানসিক চাপ কমাতে ঘাড়ের পেছনে করতে হয়
- * হাতের তালুতে ও পায়ের তলায় নিয়মিত ম্যাসাজে- উচ্চ রক্তচাপ কমে এবং স্মরণশক্তি বাড়ে দেহের সব অঙ্গ-প্রত্যঙ্গই উদ্বীপ্ত হয় অনিদ্রা, হৃদরোগ ও স্ট্রেক প্রতিরোধ করে ও নারীদের গর্ভাবস্থায় উপকার ইত্যাদি পাওয়া যায়।

ম্যাসাজের নীতি

Principles of Massage

কি কি সমস্যা থাকলে ম্যাসাজ করা যায় না সেগুলি হলো -

- ১। হার্টের সমস্যা থাকলে।
- ২। যে কোন অপারেশনের পরে।
- ৩। গর্ভাবস্থার প্রথম পাঁচ মাস।
- ৪। শরীরের কোন অংশ ভেঙে গেলে।
- ৫। হাঁপানির সমস্যা থাকলে।
- ৬। শরীরে কোনো স্থানে শ্রত বা পচন ধরা স্থান থাকলে
- ৭। টিউমার ইত্যাদি থাকলে ম্যাসাজ করা যাবে না।
- ৮। ম্যাসাজ অবশ্যই ধীরগতিতে ও তালেতালে হবে।
- ৯। বয়স ও লিঙ্গভিত্তিক ম্যাসেজের সময়কাল ও ধরন ভিন্ন হবে।

৮) ক্রীড়াক্ষেত্রে বিভিন্ন ধরনের আঘাত সমূহ

Different types of sports injuries

মচকানো বা sprain কি ?

মচকানো হলো এমন একটি অবস্থা যেখানে শারীরিক ক্রিয়ার সময় আমাদের শরীরের হাড়গুলির সঙ্গে যুক্ত লিগামেন্ট অতিপ্রসারিত হয় অথবা ছিঁড়ে যায়। বেশিরভাগ ক্ষেত্রে, এটা গোড়ালিতে হয়, কিন্তু এটা হাতের লিগামেন্টেও হতে পারে। এর প্রধান লক্ষণ ও উপসর্গগুলি হলো প্রভাবিত অংশে ওডেমা (ফোলা), ব্যথা, অঙ্গ নাড়াতে অস্ফুটতা, প্রভাবিত জায়গায় কালশিটে ভাব ও সংবেদনশীল অনুভব।

পেশী ছিঁড়ে যাওয়া বা Muscle Strain কি?

টেনডন বা রংগ হলো একটি তক্তময় কর্ড যেটি পেশির সাথে হাড়ের সংযোগ রক্ষা করে। পেশীকে তার সক্ষমতার বাইরে প্রসারিত করলে হঠাৎ পেশীতক্ষ ছিঁড়ে যে স্টেন হয়, তাকে মাসেল স্ট্রেন বলে। বেশিরভাগ ক্ষেত্রে হ্যামস্ট্রিং, কোয়াড্রিসেপ্স, লাঞ্চার ইরেক্টর স্পেন প্রভৃতিতে হয়। এর প্রধান লক্ষণ ও উপসর্গগুলি হলো খিঁচুনি, দুর্বলতা কোলা প্রদাহ খিল ধরা ইত্যাদি।

খিঁচুনি বা Cramp কি?

পেশীর দীর্ঘমেয়াদি ও অনৈচ্ছিক সংকোচনকে বলে ক্রাম্প। ক্রাম্পের ফলে পেশী ছোট হয়ে শক্ত হয় এবং প্রচন্ড যন্ত্রণা করে। প্রধানত কাফ মাসেল কোয়াড্রিসেপ্স হ্যামস্ট্রিং লো-ব্যাক প্রভৃতি বড় পেশীতে ক্রাম্প হয়।

খেতলে যাওয়া ও রক্তপাত বা Contusion and Bleeding কি ?

বাইরে থেকে তীব্র আঘাতের ফলে যথন স্বক বা তার নিচের পেশিতে রক্ত জমে যায় তাকে কিনাটিউশন বা খেতলানো বলে। এর ফলে কিছুটা স্থানের রক্তপাত হলে তাকে হিমাটোমা বলে। এইরকম আঘাতের ফলে ক্রাম্প ও স্ট্রেনও হতে পারে।

সন্ধিচ্ছুতি বা Dislocation কি?

শরীরের একটি অস্থি বা হাড় অন্য হাড়ের সাথে যেখানে মিলিত হয় ত্রি স্থানকে সন্ধিচ্ছুতি বলে। অর্থাৎ দুই বা ততোধিক হাড়ের সংযোগ স্থানের নাম সন্ধি। এই সন্ধির স্থান থেকে যদি হাড়ের বিচ্ছুতি ঘটে তাকে সন্ধিচ্ছুতি বলে। কাঁধ, কনুই, কঙ্কি, বৃদ্ধাস্তুল, নিম্ন চোয়াল, হাঁটু ও পায়ের গোড়ালি ইত্যাদির সন্ধিচ্ছুতের সন্ধিচ্ছুতি ঘটতে পারে। অনেক সময় সন্ধিচ্ছুতি ও হাড়ভাঙ্গা একই সময়ে হয়ে থাকে। সন্ধিচ্ছুতির লক্ষণ : সন্ধিচ্ছুত ফুলে যায়, সন্ধিচ্ছুতে ব্যথা অনুভব করে, সন্ধিচ্ছুত নড়াচড়া করতে অসুবিধা হয়, সন্ধিচ্ছুতের হাড় সরে গিয়ে বিকৃত রূপ ধারণ করে ইত্যাদি।

অস্থিভঙ্গ বা Fracture কি ?

শরীরের কোন হাড় ভেঙে গেলে একে হাড় ভাঙ্গা বা Fracture বলে। লক্ষণ: প্রচন্ড যন্ত্রণা হয় ও আঘাতপ্রাপ্ত স্থান ফুলে যায়। অস্থিভঙ্গ নানান প্রকার হতে পারে। যেমন (ক) সাধারণ হাড়ভাঙ্গা (খ)কম্পাউন্ড হাড়ভাঙ্গা (গ)জাটিল হাড়ভাঙ্গা।

ঘর্ষণ বা Abrasion কি?

ঘৰণ হ'ল এক ধৰণের খোলা ক্ষত যা ক্ষত পৃষ্ঠের বিৱুন্দে স্বক ঘষটা খেলে ইইনপ দেখা দেয়। একটি সাধাৰণ আঘাত তবে এগুলি হালকা থেকে মারাঞ্চক পৰ্যন্ত হতে পাৰে। সংঘাতগুলি বেশিৱভাগ কুনুই ও হাঁটুতে বেশি হয়।

ফোক্সা বা Blister কী?

ফোক্সা হলো ছোট দেহস্থ থলি আৱৰণের মধ্যে বা স্বকেৱ উপৱে একটি দাগ বিশেষ যাব মধ্যে তৱল সংগ্ৰহীত হয় যেটি স্বকেৱ উপৱি স্বৱে দেখা যায়। প্ৰধানত হাত ও পায়ে বেশি ফোক্সা পড়ে।

কাটা বা Laceration কী?

ধাৰালো কোনো বস্তু দিয়ে স্বকে ক্ষত সৃষ্টি হওয়াকে কেটে যাওয়া বা কাট ইনজুৰি বলে। আবাৰ ভোঁতা কোনো জিনিস দিয়ে বা পড়ে গিয়ে আঘাত পেলে সাধাৰণত স্বকে কেটে যায় না, বৱং ছিলে যায় বা ছিঁড়ে যায়। যাকে বলা হয় কাটা বা লেসাৱেসন হওয়া। প্ৰধানত হাত ও পায়ে বেশি হয়।

বিন্দ হওয়া বা Puncture কী?

তীক্ষ্ণ ও ধাৰালো বস্তুৰ অগভাগ দ্বাৰা আঘাত লাগলে এই ধৰণেৰ ক্ষতেৰ সৃষ্টি হয়।

৫) Physiotherapy management of Muscle Cramp, Muscle sprain and Muscle strain

ভৌত চিকিৎসাৰ মাধ্যমে Muscle Cramp, Muscle sprain and Muscle strain এৱ চিকিৎসা

মাংসপেশিতে টান পড়া বা শৱীৱেৰ কোন অংশ মচকানো বেশ সাধাৰণ একটি সমস্যা। যাকে বিশেষজ্ঞেৰ ভাষায় মাসল পুল, মাসল সোৱনেস, স্ট্রেইন, স্প্রেইন, ক্র্যাম্প, স্প্যাজম ইত্যাদি বলা হয়ে থাকে। মাসল পুল কেন হয়, কাদেৱ হয়। মাংসপেশিতে অতিৱিক্ত টান খেলে বা টিস্যু ছিঁড়ে যাওয়াৰ কাৱণে এমনটা হয়ে থাকে। এতে শৱীৱেৰ ওই অংশটিতে ভীষণ ব্যথা হয়। ল্যাকটিক অ্যাসিড নিঃসৱণেৰ জন্য জ্বালাপোড়া কৱে। এ কাৱণে মাংসপেশি নাড়াচাড়া কৱা যায়না। মাসল পুলেৱ প্ৰধান কয়েকটি কাৱণ হল:

- ১। শৱীৱেৰ যেকোনো একটি মাংসপেশি অনেকক্ষণ ধৰে ব্যবহৃত হলে।
- ২। ব্যায়াম, খেলাধূলা বা যেকোনো শৱীৱিক কসৱতেৰ আগে ওয়ার্মআপ বা শৱীৱ গৱম না কৱলে।
- ৩। পেশী ক্লান্ট থাকা অবস্থায় আকস্মিক নড়াচড়া কৱলে।
- ৪। হঠাৎ অতিৱিক্ত ভাৱী কিছু ওঠালৈ।
- ৫। পেশীৰ অতিৱিক্ত ও অনুপযুক্ত ব্যবহাৰ।
- ৬। মানসিক চাপ ও দুশ্চিন্তা।
- ৭। অনিয়মিত খাদ্যাভ্যাস বিশেষ কৱে পানি কম খেলে এবং শৱীৱে সোডিয়াম ও পটাশিয়ামেৰ অভাৱ দেখা দিলে মাংসপেশিতে টান পড়তে পাৰে।
- ৮। যারা অতিৱিক্ত শৱীৱিক কসৱত কৱে থাকেন যেমন অ্যাথলেটোৱা মাসল পুলেৱ সমস্যায় বেশি আক্রান্ত হয়ে থাকেন।
- ৯। যারা দীৰ্ঘসময় ধৰে কম্পিউটাৱেৰ সামনে কিংবা চেয়াৱে বসে কাজ কৱেন কিংবা লঙ্ঘা সময় যানবাহন চালান, তাদেৱ কাঁধ, ঘাড়, পৰ্শেৰ মাংসপেশিতে টান পড়াৱ আশঙ্কা বেশি থাকে।

মাসল পুল হওয়াৰ লক্ষণ :

- ১ যদি পেশীতে অনেক ব্যথা হয় ও পেশী অনেক দুৰ্বল হয়ে যায়।
- ২। আঘাতপ্ৰাপ্ত জায়গাটি যদি ফুলে ওঠে বা লালচে দাগ হয়ে যায়।
- ৩। যদি আঘাতপ্ৰাপ্ত স্থানে স্বাভাৱিক ওজন নিতে কষ্ট হয়।
- ৪। মাংসপেশী আপনা আপনি অনেক শক্ত হয়ে পড়লে মাসেল পুল হয়।

মাসল পুল হলে কি কৱণীয় :

ক্লিনিকেৰ জাতীয় স্বাস্থ্যসেবাৱ তথ্য মতে, মাংসপেশিতে টান খাওয়াৰ প্ৰথম কয়েকদিন চাৱটি ধাপে এৱ চিকিৎসা কৱতে হবে। যাকে সংক্ষেপে আইসথেৱাপি বলা হয়। এৱ মাধ্যমে ব্যথা অনেকটাই কমিয়ে আনা যায়।

আইস থেৱাপিৰ ৪টি ধাপ হল: ৱেস্ট, আইস, কম্প্ৰেশন ও এলিভেট।

১। ৱেস্ট বা বিশ্রাম: সব ধৰণেৰ শৱীৱিক ব্যায়াম বা ক্ৰিয়াকলাপ বন্ধ রাখতে হবে। আঘাতপ্ৰাপ্ত স্থানে কখনও কোন ওজন নেওয়া যাবেনা।

২। আইস বা বৱফ - আঘাতেৰ স্থানে দুই থকে তিন ঘণ্টা পৱপৱ ২০ মিনিটেৰ জন্য বৱফেৰ ব্যাগ দিয়ে রাখতে হবে।

৩। কম্প্ৰেশন সংকোচন - আঘাতপ্ৰাপ্ত স্থানটিৰ নাড়াচাড়া নিয়ন্ত্ৰণে একটি ব্যান্ডেজ দিয়ে মুড়িয়ে নিতে হবে।

৪। এলিভেট বা উঁচু কৱা - অৰ্থাৎ আঘাতেৰ স্থানটি যতটা সম্ভব বালিশেৰ উপৱে উঠিয়ে রাখতে হবে।

সতৰ্ক: ১। মাংসপেশিৰ ফুলে ওঠা প্ৰতিৱোধে কোন অবস্থাতেই আঘাত পাওয়াৰ প্ৰথম কয়েকদিন ওই স্থানে গৱম সেক দেয়া বা গৱম পানি দেয়া এড়িয়ে যেতে হবে। ২। এছাড়া আঘাতেৰ স্থানে কোন অবস্থাতেই মালিশ কৱা যাবেনা।

৬) পায়েৱ শিৱা বা পেশিতে হঠাৎ টান ধৰলে কি কৱণীয়-

ঘূমিয়ে থাকা অবস্থায় হঠাৎ পায়েৱ মাংসপেশিৰ টানেৰ ব্যথায় কঁকিয়ে উঠলেন আপনি। এমতাৰস্থায় পা সোজা বা ভাঁজ কৱা সম্ভব না। একটানা পা ভাঁজ কৱে রেখে হঠাৎ সোজা কৱতে গেলে পায়েৱ পেশিতে টান পড়ে তথনই পায়েৱ পেশিতে বা রাগে প্ৰচল্য ব্যথা অনুভূত হয়। এমনটা ঘূমেৰ মধ্যে বা জেগে থাকা অবস্থাতেও হতে পাৰে। তবে ঘূমন্ত অবস্থায় বেশি হয়ে থাকে। দীৰ্ঘসময় ধৰে অতিৱিক্ত পৰিশ্ৰমেৰ কাৱণে অনেক সময় পায়েৱ পেশিতে বেশি টান লাগতে পাৰে। আবাৰ দীৰ্ঘক্ষণ বসে বা দাঁড়িয়ে থাকলেও এমনটা হয়ে থাকে।

আরো নানান কারনে হতে পারে। যেমন জলশুণ্যতা, মাংসপেশী বা স্নায়ুতে আঘাত, রক্তে পটাসিয়াম, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়ামের অভাব, কিছু ঔষধের পার্শ্ব-প্রতিক্রিয়া যেমন, হাইপারটেনশন ও কোলেস্টেরল, কয়েকটি বিশেষ ভিটামিনের অভাবে যেমন, ভিটামিন 'বি' ই১, ই৫, ই৬। কিছু বদ্যায়সের কারনে যেমন, ধূমপান, মদপান। ধূমপার্যাদের পায়ে রক্ত চলাচল কম হয় বলে সামান্য হাঁটাহাঁটিতেই তাদের পায়ে টান লাগে। গর্ভাবস্থায় বিভিন্ন স্নায়ুত চাপ পড়তে থাকে, তাই ওই সময় পায়ের পেশীতে টান লাগা স্বাভাবিক ব্যাপার। আবার হাইপোথাইরয়েডিজিম, কিডনি ফেইলিওর, মেন্ট্রুয়েসন, গর্ভসঞ্চারন ইত্যাদির কারনেও পেশীতে টান লাগতে পারে।

পেশীতে টান পড়লে যে পায়ের পেশীতে টান পড়লো দ্রুত সেই পায়ের পেশীকে শিখিলায়ন বা রিলাক্স করতে হবে। এতে পেশী প্রসারিত হবে এবং আরাম পাবেন। পেশীকে প্রসারিত করার নিয়ম হল-হাঁটুর নিচে পায়ের পিছনের মাসলে টান লাগে তাহলে পা সোজা করে হাত দিয়ে পায়ের আঙুলের মাথাগুলো ধরে নিজের দিকে আঞ্চে আঞ্চে টানতে হবে। আর যদি সামলের দিকে হয় তাহলে পা ভাঁজ করে পায়ের আঙুলের মাথাগুলো পেছনের দিকে টানতে হবে।

অনেক সময় উরুর পেছনেও এমনটা হয়, তখন চিৎ হয়ে শুয়ে পা ভাঁজ করে হাঁটু বুকের দিকে নিয়ে আসুন যতোটুকু পারা যায়। আর উরুর পেছনের পেশীতে আলতো হাতে আঞ্চে আঞ্চে মালিশ করলে আরাম পাওয়া যায়।

আর যদি পেশী শক্ত হয়ে আসে তখন ওয়াটার ব্যাগ বা হট ব্যাগের মাধ্যমে কিছুক্ষণ গরম সেঁক দিলে আরাম হয়। আবার যদি পেশী বেশি নরম ও ফুলে যায় আর ব্যথা থাকে তাহলে তাতে আইসব্যাগ রাখলে বা ঠাণ্ডা সেঁক দিলে বেশ আরাম হয়। মুভ বা ভিক্স জাতীয় ব্যথানাশক বাম বা জেল থাকে, তা দিয়ে আলতো হাতে মালিশ করা যেতে পারে ওই পেশীতে।

আর 'পেশীর টানমুক্ত' অবস্থায় ভালো থাকতে পটাশিয়াম, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়ামযুক্ত খাবার খেতে হবে। শাকসবজি, ফল, খেজুর, দুধ ও মাংসতে পর্যাপ্ত পরিমাণে ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম ও পটাশিয়াম রয়েছে। তাই এই খাবারগুলো বেশি বেশি খাওয়া অভ্যাস করলে এই রোগ থেকে মুক্তি পাওয়া যায়।

তথ্যসূত্র:

যে যে বইগুলো এই নোটটি বানাতে আমাকে সাহায্য করেছে সেই বইগুলির নাম ও লেখকের নাম নিম্নে দেওয়া হলো:

- ১) আয়রনম্যাঞ্চ ফিজিও-থেরাপি; ডাঃ অশোককুমার বৈদ্য ও কৃষ্ণ চট্টোপাধ্যায়
- ২) শারীর চিকিৎসা; কানাই লাল সাহা
- ৩) রোগ নিরাময়ে ফিজিওথেরাপি; ডাঃ সুনীল ঠাকুর
- ৪) ঘরে বসে ফিজিওথেরাপি; সত্যজিৎ ব্যানার্জি